গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
হিসাব ভবন, সেগুনবাগিচা, ১০০০।

স্মারক নং-সিএএফও/পবওজপম/বন অধিদপ্তর/মাসিক হিসাব আপত্তি/২০২১-২২/৩৩১(ক) / তারিখ: ০৫/০১/২০২২খ্রি.

বিষয়ঃ বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয় সামাজিক বন বিভাগ পাবনা অক্টোবর/২০২১ মাসের মাসিক হিসাব নিরীক্ষা সংক্রান্ত।

সূত্র: ২২.০১.০০০০.২৩৩.০১.০২৩.২১.১৪৯৭ তাং ০৭/১১/২০২১খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। মাসের হিসাবের ভাউচার ও সংশ্লিষ্ট তথ্যাদি পর্যাপ্ত না থাকায় ব্যয় হিসাবভুক্ত করার পূর্বে ব্যয়ের যথার্থতা নির্ণয় করা সম্ভব হয়নি। ফলে খরচের পরিমান অতিরিক্ত অথবা মিস কোডিং হতে পারে যা পরবর্তীতে জুন ক্লোজিং এ জটিলতা তৈরি করবে। নিম্নলিখিত বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহন পূর্বক এ কার্যালয়েকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

ক) কোড নং-৩২৪৪১০১ (ভ্রমন ব্যয়) জনাব কাশ্যপী বিকাশ চন্দ্র , বিভাগীয় বন কর্মকর্তাকে ডিসে/২০১৮, জানু/২০১৯, অক্টো/২০১৯, মার্চ/২০২০, মে/২০২০, জুন/২০২০, জুলাই/২০২০, আগষ্ট/২০২০, সেপ্ট/২০২০, নভে/২০২০, ও ডিসে/২০২০ মাস পর্যন্ত মোট=১১২০৫৩/- টাকা ভ্রমন ভাতা হিসাবে প্রদান করা হয়েছে, উক্ত খরচের স্বপক্ষে অনুমোদিত ভ্রমনসূচী ও ভ্রমন বিল প্রেরণ করা আবশ্যক।

খ) প্রকৃত আয় অপেক্ষা কম হিসাবভুক্ত করা হয়েছে। আয়ের হিসাব বাস্তব যাচাই করা প্রয়োজন।

গ) কোড নং-৩২৫৮১০১ (মোটরযান মেরামত) খাতে =৬৫১৪০/- টাকার ব্যয় করা হয়েছে। উক্ত খরচের স্বপক্ষে বিভাগীয় কর্মকর্তার টিওএন্ডই অনুযায়ী গাড়ীর সংখ্যা, গাড়ীর সিসি নং এবং মেরামতের পূর্ব চাহিদাপত্র ও মেরামত উত্তর ফিটনেস সনদ উল্লেখ করে প্রমানক প্রেরণ আব্যশক।

গ) ২০২১-২০২২ অর্থবছরে অক্টোবর মাসে জনাব মোঃ রনজিবুল আমিন ভারপ্রাপ্ত কর্মকর্তাকে, অনিয়মিতভাবে =১৯,২৬,১৬৫/-/- টাকা অগ্রিম প্রদান করা হয়েছে। অগ্রিম ০৭ (সাত) লক্ষ টাকা বেশি উত্তোলনের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের পূর্ব অনুমোদন গ্রহণ করতে হয়। আলোচ্য ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের পূর্ব অনুমোদন ব্যতীত অনিয়মিতভাবে পরিশোধ করা হয়েছে।

এমতাবস্থায় উপরিউক্ত হিসাব ভুক্তির জন্য একাউন্টস কোড ভলিয়ম ৩ এর অনুচ্ছেদ-১৮২ অনুযায়ী "প্রতিটি হিসাবভুক্তির সমর্থনে লেনদেনের বিস্তারিত বিবরণ এবং অন্য বিভাগ কর্তৃক গৃহীত বনবিভাগের বিল ও ইনভয়েস কিংবা বনকর্মকর্তা কতৃক গৃহীত সরবরাহকারী বিভাগের বিল ও ইনভয়েস সংরক্ষণ করতে হবে"। একাউন্টস কোড ভলিয়ম ৩ এর অনুচ্ছেদ-২২৬ "চেক প্রদানের মাসিক রেজিস্টার (অনুচ্ছেদ-২০৬) এর একটি অনুলিপি প্রতিমাসের শেষ দিন ও মাসের বিবরণী তার পরবর্তী মাসের ৫ (পাঁচ) তারিখের মধ্যে চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর নিকট দাখিল করতে হবে এবং সকল প্রকার ভাউচার, নগদ টাকার সংযুক্তি প্রাপ্তি তথা উপরে বর্ণিত হিসাব বিবরণীর সঙ্গে পাঠাতে হবে"। যা self Accounting Entity দের ক্ষেত্রে Post audit before compilation কার্যক্রমের অংশ। জরুরী ভিত্তিতে কার্যকর পদক্ষেপ নেওয়ার জন্য অনুরোধ করা হলো।

সিএএফও মহোদয়ের অনুমোদনক্রমে।

05/01/22

(শামছুন্নাহার)
অডিট এন্ড একাউন্টস অফিসার
ফোনঃ ৮৩৯১৮০৫

বিভাগীয় বন কর্মকর্তা
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
সামাজিক বন বিভাগ পাবনা।

স্মারক নং-সিএএফও/পবওজপম/বন অধিদপ্তর/মাসিক হিসাব আপত্তি/২০২১-২২/৩৩১(ক)/১১/৪ তারিখ: ০৫/০১/২০২২খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থেঃ

০১। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, রমনা, ঢাকা [দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, প্রশাসন-১]
০২। মহাপরিচালক, কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর, ঢাকা ইন্স্যুরেন্স ভবন (২য়-৫ম তলা), পুরানা পল্টন লাইন, ঢাকা-১০০০।
০৩। উপ-প্রধান বন সংরক্ষক, অর্থ, বাজেট ও সাধারন নির্দেশনা ইউনিট, বন অধিদপ্তর, বনভবন আগারগাঁও, ঢাকা।
০৪। অফিস কপি/ গার্ড ফাইল।

05/01/22

(শামছুন্নাহার)
অডিট এন্ড একাউন্টস অফিসার
ফোনঃ ৮৩৯১৮০৫